দৈনিক ইত্তেফাক

তারিখ 25 SEP 1991
পৃষ্ঠা ৩ কলাম ৪

০৪

## ১৮৫ জন পরীক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চিত

॥ বরিশাল অফিস ॥

ঝালকাঠি জেলার বেগম রওশন এরশাদ কলেজের ১৮৫ জন পরীক্ষার্থী গত এক বছরেও তাহাদের এইচ এস সি পরীক্ষার ফলাফল জানিতে পারে নাই। ফলে তাহাদের শিক্ষাজীবন বাধা-

(৪র্থ পৃ: দ্র:)

### ১৮৫ জন পরীক্ষার্থীর

( ৩য় পৃ: পর )

গ্রস্ত হইতেছে। গত বছর তাহাদের ফলাফল যশোর বোর্ড অপ্রকাশিত রাখে। পরীক্ষার্থীরা খোঁজ-খবর লইয়া জানিতে পারিয়াছে যে, তাহারা ফিস কলেজে পরিশোধ করিলেও উহা বোর্ডে জমা হয় নাই। এই ঘটনার পর কলেজ অধ্যক্ষ উধাও হইয়া গিয়াছে ফলে বোর্ডের বকেয়া গত এক বছরেও পরিশোধ হয় নাই।